



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
আইন বিভাগ, বোর্ড সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোনঃ ৪৭১১২৫৭৮, ইমেইলঃ dd.legal.bwdb@gmail.com

স্মারক নং-১১৫২-পাউবো/সচি/আইন/শা-২/লি-১৩৮/৮৩(৪র্থ খন্ড)

তারিখঃ ০৪ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
২০ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

পরিচালক  
প্রচার সেল  
বাপাউবো, ঢাকা।

বিষয়: বোর্ডের প্যানেল আইনজীবী নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে প্রণীত নিয়োগ বিজ্ঞপ্তি মহাপরিচালক মহোদয় কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে। এই নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজি) প্রকাশ করার জন্য মহাপরিচালক মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। বর্ণিত অবস্থায়, উপরিউক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় ০১(এক) দিনের জন্য প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে প্রণীত বিজ্ঞপ্তির হার্ডকপি ও সফটকপি এতদসংক্রান্ত প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মো: ছাইফুল ইসলাম)  
উপরিচালক (আইন বিষয়ক)  
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-১১৫২/১(১০)-পাউবো/সচি/আইন/শা-২/লি-১৩৮/৮৩(৪র্থ খন্ড)

তারিখঃ ০৪ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
২০ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক, অর্থ/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ২। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৩। উপ-সচিব (বোর্ড), বাপাউবো, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং- এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের অনুরোধ জানিয়ে এতদসঙ্গে উপরিউক্ত বিজ্ঞপ্তির হার্ডকপি ও সফটকপি প্রেরণ করা হলো।
- ৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/সচিব, বাপাউবো, ঢাকা।
- ৭। অফিস/মাস্টার কপি।

(শেখ মো: আবদুল খালেদ)  
সহকারী পরিচালক (আইন- ২)  
বাপাউবো, ঢাকা।



## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

আইন বিভাগ, বোর্ড সচিবালয়

ওয়াপদা ভবন, কক্ষ নং- ৬০৪ (৭ তলা)

মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোন: ৪৭১১২৫৭৮

### প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পক্ষে বৃহত্তর ঢাকাস্থ উচ্চ ও নিম্ন আদালতে মামলা পরিচালনার লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে ২(দুই) বছরের জন্য কিছুসংখ্যক প্যানেল আইনজীবী নিয়োগের উদ্দেশ্যে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

(১)	শিক্ষাগত যোগ্যতা	: এলএলবি। তবে এলএলবি (সম্মান)সহ এলএলএম/বার-এট-ল ডিগ্রীধারী আইনজীবীগণকে অগ্রাধিকার দেওয়া হবে।
(২)	অভিজ্ঞতা	: অবসরপ্রাপ্ত জেলাজজ (অনূর্ধ্ব ৬০ বছর) অথবা দেওয়ানী ও ফৌজদারী মামলাসহ শ্রম, আরবিট্রেশন ও প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন সম্পর্কিত মামলা পরিচালনায় ন্যূনতম ১০(দশ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবী, তন্মধ্যে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ন্যূনতম ৭(সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে অবসরপ্রাপ্ত জেলাজজ(অনূর্ধ্ব ৬০ বছর)/সুপ্রিম কোর্টের আপীল বিভাগের তালিকাভুক্ত ও মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবীগণকে অগ্রাধিকার দেওয়া হবে।
(৩)	ফি/সম্মানী	: প্যানেলভুক্ত আইনজীবীগণ বোর্ডের পক্ষে মামলা পরিচালনার ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত হারে মামলাভিত্তিক ফি/সম্মানী প্রাপ্য হবেন। প্যানেল আইনজীবীগণের অনুকূলে কোন মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে না।
(৪)	আবেদনের নিয়মাবলী	: আগ্রহী আইনজীবীগণকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আইন বিভাগ, কক্ষ নং- ৬০৪ (৭ তলা), ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা-১০০০ হতে নির্ধারিত ফরম সংগ্রহ করে ২(দুই) কপি পাসপোর্ট আকারের ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বার কাউন্সিলের প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত কপিসহ ৩(তিন) সেট দরখাস্ত আগামী ০৯ অগ্রহায়ণ ১৪২৬ব:/২৪ নভেম্বর ২০১৯খ্রি: তারিখের মধ্যে উপরিউক্ত ঠিকানায় দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
(৫)	বাপাউবো- এর বর্তমান প্যানেলভুক্ত আইনজীবীগণ পুনঃনিয়োগের জন্য আবেদন করতে পারবেন। তবে তাঁদের আবেদন ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বার কাউন্সিলের প্রয়োজনীয় সত্যায়িত সনদপত্র দাখিলের প্রয়োজন নেই।	

কাজী সাখাওয়াত হোসেন

যুগ্ম সচিব ও অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ

ঢাকা- ১০০০